



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.৩৯০

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: দাখিল/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত সুপার পদে দায়িত্ব প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দাখিল/আলিম/ফাজিল/কামিল মাদ্রাসায় নিয়োগে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন, এমপিওশীটে নাম/পদবি/বিষয়/জন্ম তারিখ সংশোধন, নতুন এমপিও, উচ্চতর স্কেল, প্রমোশন, বিএড স্কেল, পুনঃনিয়োগ, ইনডেক্স ডিলেট, বকেয়াসহ বিভিন্ন ধরনের আবেদনে মাদ্রাসা কর্তৃপক্ষ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে কাগজপত্র/তথ্যাদি প্রেরণ করেন। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাদ্রাসার অধ্যক্ষ/সুপারের অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত সুপার পদে দায়িত্ব প্রদান না করে অন্য কোন শিক্ষককে দায়িত্ব প্রদান করা হচ্ছে যা “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমাল-২০১৮” এর অনুচ্ছেদ ১৭.৪ এর পরিপন্থী।

এমতাবস্থায়, “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমাল-২০১৮” অনুযায়ী মাদ্রাসায় অধ্যক্ষ/সুপার এর অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত সুপার পদে দায়িত্ব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় প্রতিষ্ঠান প্রধানসহ গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮-১১-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার.....(সকল কামিল/ফাজিল/আলিম/দাখিল মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.৩৯০/১ (৮)

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। বিভাগীয় কমিশনার.....(সকল);
- ৪। জেলা প্রশাসক(সকল);
- ৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল);
- ৬। জেলা শিক্ষা অফিসার.....(সকল);
- ৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....(সকল) এবং
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।।



০৮-১১-২০২৩
মো: জাকির হোসাইন
উপ-পরিচালক